

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 02-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Book Fair :

আজ থেকে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪৪তম আগরতলা বইমেলা শুরু হচ্ছে। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এবারের আগরতলা বইমেলায় মূল ভাবনা হলোঃ "বন্দেমাতরম" বইমেলা উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৩ দিনব্যাপী এই মেলায় সমাপ্তি হবে আগামী ১৪ই জানুয়ারি।

Book Fair-Free Bus Service :

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত বইমেলায় এবারও বইপ্রেমীদের যাতায়াতের জন্য সরকারী উদ্যোগে আগরতলার বিভিন্ন প্রান্ত থেকে বিনামূল্যে বাস পরিষেবার ব্যবস্থা করা হয়েছে। বাসগুলো চন্দ্রপুর বাস স্ট্যান্ড, রাধানগর বাস স্ট্যান্ড এবং রবীন্দ্র ভবনের সামনে থেকে প্রতিদিন মেলা চলাকালীন সময়ে চলাচল করবে।

Governor Book Release :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৫টি নতুন বইয়ের আবরণ উন্মোচন করেছেন। বইগুলোর মধ্যে রয়েছে - বি ভেঙ্কটপ্রসাদ এবং সীতাংশু রঞ্জন দে এর রচিত গভর্নমেন্ট স্কিমস এন্ড প্রজেক্টস ইন ইন্ডিয়া, বি ভেঙ্কটপ্রসাদ এবং প্রশান্ত আদিত্য মোদকের রচিত 'লার্ন বেঙ্গলি ইন তেলেগু', বিকাশরাই দেববর্মা 'ব্লগিং সিপ', বিকাশরাই দেববর্মা এবং সুপ্রচিতা দেববর্মা রচিত 'দি স্টোরি অব টাইগার কাব' এবং বিকাশরাই দেববর্মা রচিত 'সং বরক'। রাজ্যপাল নতুন বই প্রকাশের প্রতি আগ্রহী হবার জন্য প্রকাশকদের প্রতি আহ্বান জানান।

TBSE-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার নজরুল কলাক্ষেত্রে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সুবর্ণ জয়ন্তী বর্ষ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, শিক্ষা শুধু পড়াশুনার মধ্যে সীমিত নয়। প্রকৃত জ্ঞান অর্জনই প্রকৃত শিক্ষা। মুখ্যমন্ত্রী বলেন, AI অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষাক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। তিনি ছাত্রছাত্রীদের AI-র সঠিক ব্যবহার করার পরামর্শ দেন। রাজ্যে বিদ্যালয় শিক্ষার পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের পদক্ষেপগুলোর কথা মুখ্যমন্ত্রী বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে ২০২২ থেকে ২০২৫ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ২৩ জন কৃতি ছাত্রীকে ইন্দিরা ভট্টাচার্য স্মৃতি পুরস্কার প্রদান করা হয়।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত দ্রুত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে চলেছে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ভারতীয় অর্থনীতির প্রবৃদ্ধির চালিকাশক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। রাষ্ট্রপতি গতকাল রাষ্ট্রপতি ভবনে SOAR-Skilling for AI Readiness-এর অধীনে একটি অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় একথা বলেন। তিনি বলেন, AI কেবল একটি প্রযুক্তি নয় বরং ভারতে ইতিবাচক পরিবর্তনের একটি সুযোগ। আগামীদশকে AI দেশের GDP, কর্মসংস্থান এবং সামগ্রিক উৎপাদনশীলতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

রাষ্ট্রপতি ভার্চুয়াল মাধ্যমে ওড়িশার রায়রংপুরে ইগনু আঞ্চলিক কেন্দ্র এবং দক্ষতা কেন্দ্রের উদ্বোধনও করেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Vande Bharat :

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো ঘোষণা করেছেন, দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন শীঘ্রই গুয়াহাটি এবং কলকাতার মধ্যে চলাচল করবে। গতকাল নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী বৈষ্ণো বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ থেকে ২০ দিনের মধ্যে এই ট্রেনটি উদ্বোধন করবেন।

তিনি বলেন, ইতিমধ্যে দেশীয় নক্সায় তৈরি বন্দে ভারত স্লিপার ট্রেনের চূড়ান্ত উচ্চ-গতির পরীক্ষা সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ১৬ কোচ বিশিষ্ট এই স্লিপার ট্রেনটি এক হাজার থেকে এক হাজার পাঁচশ কিলোমিটার পর্যন্ত দীর্ঘ দূরত্বের

ভ্রমণের জন্য তৈরি করা হয়েছে। ট্রেনটি অত্যাধুনিক যাত্রী সুযোগ-সুবিধা দিয়ে সজ্জিত, যার মধ্যে রয়েছে আরামদায়ক স্লিপার বার্থ, স্বয়ংক্রিয় দরজা এবং আধুনিক শৌচাগার। স্লিপার ট্রেনের ভাড়া হবে থার্ড এসির খাবার সহ প্রায় দুই হাজার ৩০০ টাকা, সেকেন্ড এসির জন্য তিন হাজার টাকা এবং ফাস্ট এসির জন্য তিন হাজার ৬০০ টাকা।

Power Minister :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, বিদ্যুৎ পরিষেবায় ত্রিপুরা স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার আন্তর্জাতিক মানের সাইবার সিকিউরিটি সার্টিফিকেশন অর্জন করেছে। এই স্বীকৃতি রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাকে সাইবার আক্রমণ থেকে সুরক্ষিত রাখতে এক গুরুত্বপূর্ণ সাফল্য। গতকাল আগরতলায় ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ২২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বিদ্যুৎ ব্যবস্থাকে আধুনিক ও জনমুখী করতে একাধিক সংস্কার করা হয়েছে। লোডশেডিং এখন অনলাইন ব্যবস্থার মাধ্যমে নিয়ন্ত্রিত, স্মার্ট মিটার ও স্বচ্ছ বিলিং চালু হয়েছে। গ্রাহকরা ঘরে বসেই বিল পরিশোধ করতে পারছেন। তিনি বলেন, আগরতলা পুর নিগম এলাকায় সম্পূর্ণভাবে মাটির নীচে কেবল স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

CM-Nalchar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল সোনামুড়া মহকুমার নলছড় দশমীঘাট মাঠে কথাসাহিত্যিক অদ্বৈত মল্ল বর্মনের ১১২তম জন্মজয়ন্তী উপলক্ষে তিনদিনব্যাপী উৎসব ও মেলার উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী অদ্বৈতমল্ল বর্মনের জীবন সংগ্রাম বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। তাছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক পিনাকী দাস চৌধুরী প্রমুখ।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। ভোরে ঘন কুয়াশার জন্য দৃশ্যমানতা কমে দাঁড়িয়েছিল ১৫০ মিটারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রিতে নেমে আসতে পারে বলে জানানো হয়েছে। রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত থাকবে।
